বিশুদ্ধ
আয়ুর্ব্বেদীয় তৈল, ঔষধ
পাইবার
বিশ্বাসযোগ্য প্রতিষ্ঠান
**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন**
প্রতিষ্ঠাতা—কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়,
বি-এ, কবিরত্ন।
ঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১॥০ টাকা। নগদ মূল্য /০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা, বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

৩৩শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—৪ঠা আষাঢ় বুধবার ১৩৫৩ ইংরাজী 19th June. 1946 { ৬ষ্ঠ সংখ্যা

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম

সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে
১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

**৫৪** বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধি-ধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২॥০, ছোট ১৸০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

"হিলিংবাম" ব্যবহারে আরোগ্য লাভের পর শরীরে বলাধান ও পুনরায় আক্রমণ প্রতিরোধের জন্য

স্বর্ণঘটিত সালসা **স্যাণ্ডো** ব্যবহার করা একান্ত কর্ত্তব্য

"স্যাণ্ডো" স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।
মূল্য প্রতি শিশি ( ১৬ দিনের উপযোগী ) ২৲ ; ৩টী একত্রে ৫॥০
ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন এণ্ড কোং—ম্যানুঃ—কেমিষ্টস্।**
১৪৮, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা। টেলিগ্রাম—"হিলিং" কলিকাতা

## ব্যয় নহে—সঞ্চয়

জীবনবীমা ব্যয় নহে—সঞ্চয়। আপনার অর্জ্জিত অর্থ ইহাতে পরহস্তগত হয় না, পরিবারের ভবিষ্যৎ প্রয়োজনের জন্যই ইহা সঞ্চিত থাকে। বৃদ্ধ বয়সে জীবন যাহাতে সচ্ছলভাবে চলিয়া যায়—ইহা তাহারই প্রস্তুতি; আপনার অবর্ত্তমানেও যাহাতে প্রিয় পরিজনকে কষ্টভোগ করিতে না হয় ইহা তাহারই সুচারু ব্যবস্থা। সময় থাকিতে দুঃসময়ের জন্য সাবধান হওয়া সকলেরই কর্ত্তব্য।

জীবনের এই অবশ্য কর্ত্তব্য পালনে সহায়তা করিবার জন্য "হিন্দুস্থানের" কর্ম্মিগণ সর্ব্বদাই প্রস্তুত। হেড অফিসে পত্র লিখিলে, কিংবা স্থানীয় প্রতিনিধির সহিত দেখা করিলে প্রয়োজন ও সামর্থ্য অনুরূপ বীমাপত্রের পরামর্শ পাইবেন।

নূতন বীমা—১৯৪৫
১২ কোটী টাকার উপর

**হিন্দুস্থান কো-অপারেটিভ্**
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড্
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংসঃ কলিকাতা

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

৪ঠা আষাঢ় বুধবার সন ১৩৫৩ সাল

## কৃষি-ঋণ আদায় স্থগিত

বর্ত্তমান মরশুমে এমন কোন ফসল উৎপন্ন হয় নাই, যদ্দ্বারা রায়তগণ ঋণ পরিশোধ করিতে পারে। এমত অবস্থায় বোর্ড-অব-রেভিনিউ স্থির করিয়াছেন যে, আগামী সেপ্টেম্বর মাসে যে পর্য্যন্ত আউশ ধান ও পাট কাটা না হয়, সে পর্য্যন্ত কৃষি-ঋণ আদায়ের জন্য সার্টিফিকেট দাখিল বা প্রয়োগ করা হইবে না। আউশ ধান না উঠা পর্য্যন্ত কৃষকগণ ঋণ পরিশোধ করিতে পারিবে না বলিয়া আপোষে ঋণ আদায়ের চেষ্টাও স্থগিত থাকিবে।

কালেক্টার যদি বুঝিতে পারেন যে কোন ব্যক্তি ঋণ পরিশোধ করিতে পারে অথচ করিতেছে না, তাহা হইলে এরূপ ক্ষেত্রে সার্টিফিকেট জারি করা হইবে। প্রয়োজন বোধে সার্টিফিকেট দাখিল করা হইবে কিন্তু প্রয়োগ করা হইবে না।

---

## ঋণ-সালিশী বোর্ড

১৯৪৫ সালের ৩১শে মার্চ্চ তারিখে যে বৎসর শেষ হইয়াছে, সে বৎসর ৭৯,১৭,২২,৭৪৮৲ টাকার লেনদেন সম্পর্কে ৩৫,২৬,৬২৭টি দরখাস্ত ঋণ-সালিশী বোর্ড কর্ত্তৃক গৃহীত হয়। এই সমস্ত মামলার মধ্যে মোট ৩০,৩০৮২৭ টির নিষ্পত্তি হইয়াছে এবং ৫ লক্ষ মামলা অমীমাংসিত রহিয়াছে। মীমাংসিত মামলাগুলির মধ্যে ১৩,০০,৬৪৫টিতে ১৯,৯৫,৬৯,১৮৮৲ টাকা ডিক্রী দেওয়া হইয়াছে। মামলাগুলিতে মহাজনদিগের দাবি ছিল মোট ৫৬,০৩,৬০,০০২৲ টাকা, এই হিসাবে বোর্ড দাবির শতকরা প্রায় ৬৪ ভাগ কমাইয়া দিয়াছে।

---

## কাগজ নিয়ন্ত্রণাদেশ ভঙ্গে দণ্ড

১৯৪৫ সালের কাগজ নিয়ন্ত্রণাদেশ অনুসারে হিসাব দাখিলে অযথা বিলম্ব হওয়ায় ৪।এ চার্চ্চ লেনস্থ মেসার্স রয়াল ফিনিক্স প্রেসের মালিক কলিকাতার অতিরিক্ত প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট কর্ত্তৃক ১০০৲ অর্থদণ্ড, অনাদায়ে এক মাসের সশ্রম কারাদণ্ডে দণ্ডিত হইয়াছেন।

---

## পার্লামেন্টারী সেক্রেটারীগণ

বাঙলার মহামান্য গভর্ণর বাহাদুর বঙ্গীয় ব্যবস্থাপক সভা এবং বঙ্গীয় ব্যবস্থা পরিষদের নিম্নলিখিত সদস্যগণকে পার্লামেন্টারী সেক্রেটারীর পদে নিযুক্ত করিয়াছেন।

মিঃ জহুর আহমদ চৌধুরী, এম-এল-এ, মিঃ আবদুল করিম, এম-এল-এ, খান বাহাদুর আবদুল খালেক, এম-এল-এ, খান সাহেব হামিদউদ্দিন আহমদ, এম-এল-এ খান সাহেব মফিজুদ্দিন আহমদ, এম-এল-এ, নওয়াবজাদা কে, নসরুল্লাহ, এম-এল-এ, মিঃ সৈয়দ আবদুস সলিম, এম-এল-এ, মিঃ মসিহউদ্দিন আহমদ, এম-এল-এ, মওলানা আবদুল আজিজ, এম-এল-এ, খান বাহাদুর ইব্রাহিম খান এম-এল-এ, মিঃ এসকেন্দার আলী খান, এম-এল-এ, মিঃ মহম্মদ আবদুর রশিদ, এম-এল-সি ও মিঃ নগেন্দ্রনারায়ণ রায়, এম-এল-এ

---

## নিরাপত্তা বন্দী ডাঃ প্রফুল্লকুমার দত্ত

১৯৪৬ সালের ৩১শে মে তারিখে কলিকাতার এক দৈনিক পত্র বাঙলার পূর্ব্বতন রাজবন্দী মিঃ প্রতুলচন্দ্র গাঙ্গুলীর বিবৃতি উল্লেখ করিয়া মন্তব্য করিয়াছেন যে নিরাপত্তা বন্দী ডাঃ প্রফুল্লকুমার দত্ত এখনও আটক আছেন।

মিঃ গাঙ্গুলী কোথা হইতে এই সংবাদ সংগ্রহ করিলেন গভর্ণমেন্ট তাহা জানেন না। যে তারিখে তিনি বিবৃতি দান করিয়াছেন, সে তারিখে বাঙলা প্রদেশে প্রকৃতপক্ষে কোন নিরাপত্তা বন্দী আটক ছিলেন না। উল্লিখিত নিরাপত্তা বন্দী ডাঃ প্রফুল্লকুমার দত্ত ৭ই মে, ১৯৪৬ তারিখে মুক্তি লাভ করেন।

---

## এনফোর্সমেণ্ট বিভাগের কর্ম্মচারিদের পরিচয়-পত্র

ভারত রক্ষা বিধানানুযায়ী এনফোর্সমেণ্ট বিভাগের যে সকল কর্ম্মচারীকে মওজুদ ও মুনাফানিবারণী অর্ডিন্যান্স এবং বিভিন্ন নিয়ন্ত্রণাদেশ ভঙ্গের অভিযোগ সংক্রান্ত মামলার তদন্ত করার জন্য কোন গৃহ পরিদর্শন বা অনুসন্ধান করিতে হয়, তাঁহাদিগকে পরিচয়-পত্র দেওয়া হইয়াছে।

যাঁহারা পরিদর্শন বা তদন্ত করিতে আসেন, তাঁহাদের প্রকৃত পরিচয় জানিবার ন্যায়সঙ্গত অধিকার জনসাধারণের আছে। কাজেই সন্দেহের স্থলে ফার্ম্মের প্রোপাইটার, বাড়ীর মালিক বা বাসিন্দা কিংবা তাহাদের পক্ষের উকিল নিজেদের স্বার্থের খাতিরে উল্লিখিত কর্ম্মচারিদের পরিচয়-পত্র দেখিবার দাবি করিবেন।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত
### নিলামের দিন ৮ই জুলাই ১৯৪৬

১৯৪৬ সালের ডিক্রীজারী

৩৫০ থাং ডিঃ মেদিনীপুর জমিদারী কোং লিঃ দেং মোহিনীমোহন ঘোষ দাবি ৬১৮/০ থানা রঘুনাথগঞ্জ মৌজে জোতকমল ২-৩ শতকের কাত ৭।০ আঃ ৫০৲ থং ২৭১

৩৫১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৯৫৯ মৌজাদি ঐ ৫৪ শতকের কাত ১৶০ আঃ ১০৲ থং ২৭২

৩৫২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১১।৶০ মৌজাদি ঐ ১-৩ শতক জমা দেওয়া নাই আঃ ৪৲ থং ২৭৪

৩৫৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৭॥৵৬ মৌজাদি ঐ ৬ শতকের কাত ॥৵৬ আঃ ৩৲ থং ৭৭৩

৩৫৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১১॥৯ মৌজাদি ঐ ১৭ শতকের কাত ১।০ আঃ ৪৲ থং ২৭৩

৩৫৫ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৩॥৶৩ মৌজাদি ঐ ২-৫৮ শতকের কাত ৫।০ আঃ ৪০৲ থং ২৫২

৩৫৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৫২৶৬ মৌজাদি ঐ ৩-৩৬ শতকের কাত ৬৶৬ আঃ ১০৲ থং ২৭৭

৩৫৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৫১॥৶৩ মৌজাদি ঐ ৩-৯ শতকের কাত ৬৶৬ আঃ ৪৭৲ থং ২৫৪

৩৫৮ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৮৷৷৶৩ মৌজাদি ঐ ১৬ শতকের কাত ৸৵০ আঃ ৩৲ খং ২৫৩

৩৫৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৫৪৸৶১০ মৌজাদি ঐ ১-৬৭ শতকের কাত ৭৷০ আঃ ৫১৲ খং ২৫১

৩১৬ থাং ডিঃ রায় জ্ঞানেন্দ্রনারায়ণ চৌধুরী বাহাদুর দেং রফাতুল্লা সেখ দিং দাবি ১৬৷৷৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে গিরিয়া ১-৩৭ শতকের কাত ৫৷৷৵০ আঃ ৫৲ খং ১৭২

৩০৬ থাং ডিঃ বরদাশঙ্কর ঠাকুর দেং উমাশশী দেবী দাবি ১৫৷৷৶৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে কাঞ্চনপুর ১-৬ শতকের কাত ১৸৶১০ আঃ ১৫৲ খং ৩৯ স্থিতিবান স্বত্ব

২৫৩ থাং ডিঃ গৌরীশঙ্কর সিংহ দেং আশুতোষ রায় দিং দাবি ১৮৷৷০ থানা রঘুনাথগঞ্জ মৌজে কৃষ্ণসাইল দিং ৩৮-৩৭ শতকের কাত ৪৯৷৴৫ আঃ ২৫৲ খং ১১০, ২১ আইটল ঘাটা

২০ থাং ডিঃ কুমারকৃষ্ণ ঘোষ দিং দেং সত্যনারায়ণ মণ্ডল দাবি ২১৶০ থানা সুতী মৌজে উমরাপুর জমিজমাদি দেওয়া নাই

৩০০ থাং ডিঃ কৃষ্ণচন্দ্র সাহা দিং দেং কিষণচন্দ্র মণ্ডল দিং দাবি ২৭৴৯ থানা সুতী মৌজে সলাবতপুর কদমতলা ১-৬৭ শতকের কাত ৪৲ আঃ ২০৲ খং ১৭৯, ১৮০, ১৮৯

৩২৬ থাং ডিঃ পাঞ্জাব সেখ দেং মোবারক খাঁ দাবি ৮৵৬ থানা সুতী মৌজে বহুতালী ১৴৷৵ জমির কাত ৷৶০ আঃ ৫৲ কোর্ফা স্বত্ব

---

## চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত নিলামের দিন ১৬ই জুলাই ১৯৪৬

### ১৯৪৬ সালের ডিক্রীজারী

২৩৫ থাং ডিঃ রাণী জ্যোতির্ম্ময়ী দেবী দেং মাকুন মণ্ডল দিং দাবি ৪০৴৯ থানা ফরক্কা মৌজে কুলী ২-৪ শতকের কাত ৫৸৵১০ আঃ ৪০৲ খং ১৪৮৬

২৩৬ থাং ডিঃ ঐ দেং বেহুলা বিবি দাবি ১৩৷৵৩ মৌজাদি ঐ ৭৪ শতকের কাত ১৷৷০ আঃ ১০৲ খং ১৪৮৭, ৬৪৩

২৩৭ থাং ডিঃ ঐ দেং সেরাজুদ্দিন মণ্ডল দিং দাবি ২১৷৷৴৯ মৌজাদি ঐ ১-১ শতকের কাত ৩৲৯ আঃ ১৫৲ খং ৬৬৪

২৩৮ থাং ডিঃ ঐ দেং নেশমহম্মদ বিশ্বাস দিং দাবি ১৬৷৷৴০ মৌজাদি ঐ ৪৫ শতকের কাত ৪৶৩ আঃ ১৫৲ খং ১০২৫

২৪০ থাং ডিঃ ঐ দেং তৈলেন্দ্রকুমারী দাসী দাবি ২১৴৩ মৌজাদি ঐ ১-৭০ শতকের কাত ৩৶২ পাই আঃ ১৫৲ খং ৩১৭

২৪১ থাং ডিঃ ঐ দেং বুদ্ধ ঘোষ দিং দাবি ২০৸৵৩ মৌজাদি ঐ ২৩ শতকের কাত ৩৷৵০ আঃ ১৫৲ খং ১৪৯৯

২৪২ থাং ডিঃ ঐ দেং মস্তাজ সেখ দিং দাবি ২১৷৵৯ মৌজাদি ঐ ১-১৮ শতকের কাত ২৷৴৬ আঃ ১৫৲ খং ১১৯৮, ১৪২০

২৪৩ থাং ডিঃ ঐ দেং কিফাইত সেখ দিং দাবি ২৫৲৩ মৌজাদি ঐ ২-৪৯ শতকের কাত ৪৷৷৶১ আঃ ২৫৲ খং ৪৩৮

২৪৪ থাং ডিঃ ঐ দেং ধরণীধর দাস দাবি ১০৷৴৩ মৌজাদি ঐ ৯ শতকের কাত ৸৶৬ পাই আঃ ৫৲ খং ৭৫২

২৫৭ থাং ডিঃ এ দেং বুজরুক সেখ দিং দাবি .১২৷৷৵৯ মৌজাদি ঐ ৩০ শতকের কাত ২৶৪ আঃ ১০৲ খং ১৪৮১

২৫৮ থাং ডিঃ ঐ দেং তিনকড়ি দাস দাবি ১১৷৷৶০ থানা এ মৌজে বেওয়া ১০ শতকের কাত ১৵৬ আঃ ৮৲ খং ৯৫৮ অধীনস্থ ৯৫৯

২৬৫ থাং ডিঃ ঐ দেং যজ্ঞেশ্বর মণ্ডল দিং দাবি ১১৷৷৴৩ মৌজাদি ঐ ১৯ শতকের কাত ১৶৩ আঃ ১০৲ খং ৯৩১

২৫৯ থাং ডিঃ ঐ দেং লক্ষ্মী মণ্ডল নাবালক পক্ষে আল মাতা সাবিত্রীবালা দাসী দাবি ১০৷৷৴৩ থানা ঐ মৌজে শ্রীমন্তপুর ৴২ কাঠার কাত ৸০ আঃ ৫৲ খং ২০

২৬০ থাং ডিঃ ঐ দেং ধরণী ঘোষ দাবি ৭৷৷৴৩ মৌজাদি ঐ জমিজমা দেওয়া নাই আঃ ৫৲ খং ১২৫

২৬৩ থাং ডিঃ এ দেং ঐ দাবি ১২৷৩ মৌজাদি ঐ ৩৭ শতকের কাত ১৵২ আঃ ১০৲ খং ৬৮২

২৬১ থাং ডিঃ ঐ দেং গোধন সেখ দাবি ১১৴৩ মৌজাদি ঐ ৪২ শতকের কাত ১৷০ আঃ ৫৲ খং ৩১০

## Notice.

Wanted Assistant Revenue Officers (at present for one year from 8th July 1946) on a monthly salary of Rs 50/- plus fixed T. A. of Rs 15/- P. M. The candidate must be a sound health and at least a Matriculate. Preference will be given to those experienced in actnal collection work and Court of Wards and Khasmahal. The candidate is expected to be fit for rough outdoor works in rural areas and will have to pay a cash security of Rs 500/- and to execute a fidelity bond of Rs 1000/- at their own cost.

Applications will be received by the undersigned up to 30. 6. 46 and interview will be made on a date to be fixed later on in the office of the Collector of Murshidabad.

Sd. B. G. Rao
Collector, Murshidabad
Murshidabad Collectorate,
Berhampore the 12. 6. 46

---

( ৫ম কলমের জের )

২৬২ থাং ডিঃ ঐ দেং ঘুরন মণ্ডল নাবালক দিং পক্ষে অলিমাতা কুলদা মণ্ডলানী দাবি ১০৸৶৯ মৌজাদি ঐ ৴৩ কাঠার কাত ৸০ আঃ ৫৲ খং ২০

২৬৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২৵৯ মৌজাদি ঐ ৴২৷৷ কাঠার কাত ৸৶০ আঃ ১০৲ খং ২০

২১০ থাং ডিঃ মহান্ত গণপতি দাস গোস্বামী দেং তারাপদ বন্দ্যোপাধ্যায় দিং দাবি ৪৭৷৷৵৯ থানা সাগরদীঘি মৌজে নওপাড়া ৬-৩ শতকের কাত ২৲১০ আঃ ১৫৲ খং ৪৯১

১৮০ থাং ডিঃ পদ্মকামিনী দেবী দেং রুস্তম বিশ্বাস দিং দাবি ১২৸৴৯ থানা ফরক্কা মৌজে ভবানীপুর ১৷৷০ জমির কাত ১৶৫ আঃ ১০৲ খং ৩৭৮

২৪৭ থাং ডিঃ কালীপদ সিংহ দিং দেং প্রদ্যোৎকুমার দে দিং দাবি ২২৷৷৴৬ থানা সমসেরগঞ্জ মৌজে হাসিমপুর ৸১৷৷৶ কাঠার কাত ২৷৷৵১২ আঃ ৫৲ খং ১১৩

২০৯ থাং ডিঃ কালীপদ চক্রবর্ত্তী দিং দেং নির্ম্মাল্যধারিণী দাসী দিং দাবি ১৭৸৴০ থানা ফরক্কা মৌজে মমরেজপুর ৭১ শতকের কাত ১৷৷৶৬ আঃ ১০৲ খং ৭৮৬

২২২ থাং ডিঃ ক্ষীরধর সাহা দেং যোগী মণ্ডল দাবি ১৯৷৷৶৬ থানা সমসেরগঞ্জ মৌজে দাঁতিয়া অনন্তপুর ৷১৲১৩ ধুলের কাত ২৷৷৵০ আঃ ১৫৲ খং ৭১৭

১৩ মনি ডিঃ সুলতান মল্লিক দেং মগন মহলদার দিং দাবি ১১৯৸৩ থানা সাগরদীঘি মৌজে দিয়ারা ৪১ শতকের কাত ৷০ আঃ ৫০৲ খং ২৭৮

( পর পৃষ্ঠা দেখুন )

## জমি বিক্রয়

মির্জ্জাপুর মাঠে ১০/ দশ বিঘা উৎকৃষ্ট ধানের জমি বিক্রয় হইবে। ক্রয়েচ্ছুগণ বিস্তারিত বিবরণের জন্য নিম্ন ঠিকানায় অনুসন্ধান করুন।

শ্রীশচীন্দ্রনাথ চৌধুরী
পোঃ জঙ্গিপুর, মুর্শিদাবাদ

## নোটীশ

### সূতা ব্যবসায়িদের প্রতি

এতদ্দ্বারা জানান যাইতেছে যে, ১৯৪০—৪২ সালে যাহাদের সূতার ব্যবসায় ছিল, তাহারা আগামী ৩০শে জুন ৪৬ মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট জঙ্গিপুর মহকুমা সূতা ব্যবসায়ী সমিতির সভ্য হইবার জন্য আবেদন পত্র এবং ১৯৪০—৪২ সালের সূতা ব্যবসায়ের প্রমাণ প্রদর্শন জন্য আবশ্যকীয় খাতাপত্র উপস্থিত করিবেন।

যমুনালাল সেরাওগী
জেনারেল সেক্রেটারী
ধুলিয়ান, ১৬-৬-৪৬
Jangipur Sub-Divisional Yarn Dealers' Association.

---

হাতে কাটা


## বিশুদ্ধ পৈতা

মূল্য ছয় পয়সা

পণ্ডিত প্রেসে পাইবেন।




# সুরবল্লী




যে সব ডাক্তাররা
সুরবল্লী ব্যবস্থা করে
দেখেছেন তাঁরা সবাই একমত যে এরূপ উৎকৃষ্ট রক্তপরিষ্কারক উপদংশ নাশক ও "টনিক" ঔষধ খুব কমই আছে।

সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, ঘা, স্ফোটক, নালি, রক্তদুষ্টি প্রভৃতি নিরাময় করিতে ইহার শক্তি অতুলনীয়।

ইহা যকৃতের ক্রিয়া নিয়ন্ত্রণ করিয়া অগ্নি, বল ও বর্ণের উৎকর্ষ সাধন করে। গত ৬০ বৎসর যাবৎ ইহা সহস্র সহস্র রোগীকে নিরাময় করিয়াছে।

**সি. কে. সেন এণ্ড কোং লিঃ**
**জবাকুসুম হাউস, কলিকাতা**

## দি ওয়ার্ম ইণ্ডিকা (আমেরিকায় পরীক্ষিত)

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পূঁজ আরোগ্য হয়

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত